



# আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশ

(পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ)

দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষা ১৪৪২ হিজরী/ ১৪২৭ বঙ্গাব্দ/ ২০২১ ঈসাব্দ

## নিবন্ধন (রেজিস্ট্রেশন) ফরম পূরণের নির্দেশিকা

দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৬ শাব্বান ১৪৪২ হিজরী মোতাবেক ১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ, ৩০ মার্চ ২০২১ ঈসাব্দী রোজ মঙ্গলবার নির্ধারণ করা হয়েছে। পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সুষ্ঠু করার লক্ষ্যে পরীক্ষার্থীদের আগাম নিবন্ধন (রেজিস্ট্রেশন) করতে হয়। এ লক্ষ্যে নিবন্ধন ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র পাঠানো হলো। এক মাদরাসার নিবন্ধন মাত্র একবার নেয়া হবে। সুতরাং সকল পরীক্ষার্থীর নিবন্ধন এক সাথে করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য নিবন্ধন ফি নিয়মিত ৫০০/- (পাঁচশত) টাকা, অনিয়মিত ৬০০/- (ছয়শত) টাকা মাত্র এবং বিলম্বের ক্ষেত্রে (অফিসের কাজের আধিক্যের কারণে ১০০/- টাকা বর্ধিত করে) নিয়মিত ৬০০/- (ছয়শত) এবং অনিয়মিত ৭০০/- (সাতশত) টাকা মাত্র।

- ১। ব্যক্তিগত নিবন্ধন ফরমের ১নং ঘরে ক্রমিক নং লিখতে হবে। মাদরাসা অফিস এ ক্রমিক নম্বর লিখবে। ব্যক্তিগত ফরমগুলো ক্রমিক নং অনুসারে সাজিয়ে নিতে হবে এবং 'নিবন্ধন ফরম প্রতিষ্ঠান' কপিতে উক্ত ক্রম অনুসারে লিখতে হবে। অর্থাৎ নিবন্ধন ব্যক্তিগত ফরম ও নিবন্ধন প্রতিষ্ঠান ফরমে পরীক্ষার্থীর ক্রমিক নম্বর এক ও অভিন্ন হবে।
- ২। নিবন্ধন প্রতিষ্ঠান ফরমে মাদরাসার নাম ও ঠিকানা আরবী, বাংলা ও ইংরেজি এ তিন ভাষায় লিখতে হবে।
- ৩। নিবন্ধন (ব্যক্তিগত) ফরমে পরীক্ষার্থীর নাম ও পিতার নাম আরবী, বাংলা ও ইংরেজি এ তিন ভাষায় লিখতে হবে।
- ৪। পরীক্ষার্থীর নাম, পিতার নাম, জন্ম তারিখ ও বিগত পরীক্ষার (পাসের) তথ্যসমূহ সঠিক ও পরিচ্ছন্নরূপে লিখতে হবে। পরীক্ষার্থীর নাম, পিতার নাম ও জন্ম তারিখ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন অনুযায়ী ছব্ব লিখতে হবে এবং পুনরায় যত্নসহকারে যাচাই করতে হবে। পরবর্তীতে কোন ধরনের সংশোধন করা যাবে না। উল্লেখ্য, ফরমের লেখা ছব্ব অনুসরণ করে বেতাকা (প্রবেশপত্র) ও সনদ লেখা হয়। প্রবেশপত্র ও সনদে নাম ভুল বা অশুদ্ধ সাব্যস্ত হওয়া পরীক্ষার্থী, শিক্ষা-প্রতিষ্ঠান ও আল-হাইআতুল উলয়ার গ্রহণযোগ্যতা এবং ভাবমূর্তির জন্য ক্ষতিকর।
- ৫। জন্ম তারিখের ঘরে শুধু জন্ম সন বা বয়স লিখবেন না, বরং তারিখ, মাস ও সন লিখবেন।
- ৬। নিবন্ধন ফরম (প্রতিষ্ঠান কপি)-র প্রতিটি ফরমে দশজন পরীক্ষার্থীর নাম লেখা যাবে।
- ৭। নিয়মিত (রেগুলার) পরীক্ষার্থী ও অনিয়মিত (যেমনী/মানোল্লয়ন/অন্যান্য) পরীক্ষার্থীদের নিবন্ধনের জন্য ভিন্ন ভিন্ন ফরম ব্যবহার করতে হবে। পরবর্তীতে অন্তর্ভুক্তির সময় নিয়মিতকে অনিয়মিত ও অনিয়মিতকে নিয়মিত করা যাবে না।
- ৮। মানোল্লয়ন ও যেমনী পরীক্ষার্থীর বিগত পরীক্ষার সন, রোল নং ও প্রাপ্ত বিভাগ লিখতে হবে।
- ৯। ২৩ রবিউস সানী ১৪৪২ হিজরীর মধ্যে নিবন্ধন ফিসহ ফরম বোর্ডের দফতরে পৌঁছাতে হবে। বর্ধিত ফিসহ ৩০ রবিউস সানী পর্যন্ত নিবন্ধন ফি বোর্ডে জমা দেয়া যাবে। কোন ক্রমেই ৩০ রবিউস সানীর পর নিবন্ধন ফি জমা দেয়া যাবে না।
- ১০। নিবন্ধন ফি-এর টাকা স্ব স্ব বোর্ডের নিয়মানুযায়ী প্রেরণ করতে হবে।
- ১১। চেক, টিটি ও অনলাইন অথবা অন্যান্য মাধ্যমে টাকা পাঠাবেন না। খামের ভিতর নগদ টাকা প্রেরণ করা বিধিসম্মত নয়। কাজেই এসব মাধ্যমে টাকা প্রেরণের কারণে ক্ষতিগ্রস্ত হলে প্রেরকই দায়ী থাকবেন।

বি: দ্র: \* নিবন্ধন ফরম পূরণের পর ফটোকপি করে সংরক্ষণ করুন। বোর্ড ও আল-হাইআতুল উলয়ার দফতরে নিবন্ধন কার্যক্রম শেষে নিবন্ধন নম্বরযুক্ত পরীক্ষার্থী অন্তর্ভুক্তি ফরম পাঠিয়ে দেয়া হবে।

\* 'নিবন্ধনপত্র' পরীক্ষার্থীর ছবি সংযুক্ত করার পর পাঠিয়ে দেয়া হবে।

এ নির্দেশিকা মাদরাসার নোটিশ বোর্ডে লাগিয়ে দিতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক  
মুহাম্মাদ ইসমাইল